

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।



স্মারক নং- ০১/কলেজ-২য় পর্যায় (২)/১৩

তারিখঃ ০৫/১০/২০২৩

সূত্র: স্মারক নম্বর-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১১২১ তারিখ: ০১/১০/২০২৩

বিষয়ঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে Online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহে নির্ধারিত ভর্তি অয়েবসাইট: (<http://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:


১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি:

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজের ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি:

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	০৮/১০/২০২৩ (রবিবার) থেকে ০৯/১০/২০২৩ সোমবার রাত ১১.০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন যাচাই বাছাই	১০/১০/২০২৩ (মঙ্গলবার)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন ফল প্রকাশ	১১/১০/২০২৩ (রাত ০৮.০০ টায়)
৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন	১২/১০/২০২৩ (বৃহস্পতি থেকে ১৩/১০/২০২৩ (শুক্রবার রাত ৮.০০ পর্যন্ত)
৫	কলেজ ভর্তি	১৫/১০/২০২৩ (রবিবার)

বিগত উল্লেখ্য “২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা -২০২৩” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।


মোঃ এনায়েত হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।